

শেষকৃত্যের ব্যয় পরিশোধ করার ক্ষেত্রে সহায়তা

#### কববে সহায়তা

HRA's সমাধি পরিষেবার অফিস (Office of Burial Services, OBS) একজন মৃত কম-আয় সম্পন্ন নিউ ইয়র্ক সিটির আবাসিকের শেষকৃত্যের ব্যয় পূরণ করার জন্য আপনাকে সাহায্য করতে পারে। এটি ইতিমধ্যে পরিশোধ করা শেষকৃত্যের জন্য অথবা পরিকল্পিত শেষকৃত্যের থরচের জন্য পূর্ব-অনুমোদনের ক্ষেত্রে প্রযোজ্য হতে পারে।

# কি অন্তর্ভুক্ত করা যাবে

OBS একজন মৃত ব্যক্তির চূড়ান্ত বিলিব্যবস্থার (এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে কবর, শবদাহ অথবা শবদাহের পর চিতাভশ্ব দাফন করা) জন্য শেষকৃত্যের বিলের থরচের জন্য \$1,700 পর্যন্ত মৃত ব্যক্তির আত্মীয়, বন্ধু, সংস্থাগত বন্ধু অথবা অনুমোদিত প্রতিনিধিকে প্রদান করতে পারে।

শেষকৃত্যের বিল \$3,400-এর সীমা অভিক্রান্ত করার ক্ষেত্রে সমাধির জমি, কবর খোলা, অথবা শবদাহের থরচের মোট বিল থেকে কেটে নেওয়া হবে এবং যেথানে অবশিষ্ট বিল \$3,400 -এর কম, সেক্ষেত্রে সমাধি ভাতার অনুমোদন করা হবে।

#### যোগ্যতা

একটি সমাধি ভাতা একজন কম আয়-সম্পন্ন নিউ ইয়র্কবাসী যার কাছে থরচ মেটানোর জন্য সম্পদ অথবা সম্পত্তি নেই তার শেষকৃত্যের উদ্দেশ্যে পরিশোধ করার জন্য লভ্য হবে।

যোগ্যতা নির্ধারণ করার জন্য একটি আবেদন জমা করতে হবে এবং OBS প্রতিটি মামলার জন্য ব্যক্তিগত পরিস্থিতি মৃল্যামূন করবে।

#### আবেদন কবাব জন্য

শেষকৃত্য আয়োজনের জন্য দায়িত্বপ্রাপ্ত আবেদনকারী অথবা তার প্রতিনিধিকে মৃত ব্যক্তির মৃত্যুর তারিথ থেকে **একশত কুড়ি (120) দিনের** মধ্যে সমাধি পরিষেবা অফিসের (Office of Burial Services) কাছে অবশ্যই আবেদন জমা করতে হবে।

আপনি <a href="http://nyc.gov/hra-2">http://nyc.gov/hra-2</a> গিমে এবং (ফর্ম M-860W) 'আমার সাহায্যের প্রয়োজন (I Need Help)' এবং 'সমাধি সহায়তার (Burial Assistance)' এর ওপর ক্লিক করার মাধ্যমে অথবা সমাধি পরিষেবার অফিসে ফোন করে অনুরোধ করার মাধ্যমে আপনি একটি সমাধি ভাতার আবেদন পেতে পারেন। আবেদনের তথ্য সরসারি ওয়েবসাইটে উপলভ্য ফর্মের মধ্যে লেখা যেতে পারে।

## আপনি আপনার আবেদন জমা করতে পারেন:

#### ইমেইল

এই আবেদন এথানে ইমেল করা যেতে পারে <u>BurialServices@hra.nyc.gov</u>

#### টেলিফোৰ

আপনার আবেদনের একটি প্রতিলিপির প্রয়োজন হলে আপনি 718-557-1399 নম্বরে ফোন করতে পারেন এবং আমরা আপনাকে আবেদনটি ডাকযোগে অথবা ইমেলের মাধ্যমে পাঠিয়ে দেব। আপনার অনলাইন আবেদন পূরণ করার সাথে সহায়তার প্রয়োজন হলে আমাদেরকে ফোন করুন।

### ব্যক্তিগতভাবে অথবা ডাক্যোগের মাধ্যমে

NYC HRA Office of Burial Services 33-28 Northern Blvd. - 3rd Floor Long Island City, NY 11101. কাজের সময়ের জন্য **718-557-1399** তে কল করুন।

### ফ্যাগ্ৰ

এই আবেদনটি **917-639-0476** নম্বরে ফ্যাক্স করা যেতে পারে

## সহায়ক নথিপত্ৰ

OBS ইমেইলের মাধ্যমে নখিপত্রের চিত্র অথবা স্ক্যন করা ছবি গ্রহণ করতে পারে কিন্তু যদি চিত্র অথবা ছবি অস্পষ্ট হয় তাহলে হার্ড কপির প্রয়োজন হতে পারে। সমাধি ভাতা আবাদেনের প্রক্রিয়াকরণ আরম্ভ করার জন্য আবশ্যক সাধারণ নখিপত্রের একটি তালিকা নিচে দেওয়া হয়েছে। প্রতিটি মামলার তথ্য এবং পরিস্থিতির ভিত্তিতে যোগ্যতা নির্ধারণ করার উদ্দেশ্যে OBS অতিরিক্ত নখিপত্রের অনুরোধ করতে পারে।

- আবেদনকারী অথবা অনুমোদিত প্রতিনিধি দ্বারা সম্পূর্ণ করা এবং স্বাক্ষরিত একটি সমাধি ভাতা আবেদন ফর্ম M-860W।। বিবরণের জন্য আবেদন দেখন।
- মৃত্যু শংসাপত্রের একটি মূল প্রত্যয়িত কপির (এটি আবেদনকারীকে ফিরিয়ে দেওয়া হবে)।
- ফিউনারেল কন্ট্রাক্ট (Funeral Contract) যাকে স্টেট্মেন্ট অব গুড়স অ্যাণ্ড সার্ভিসেজ
  (Statement of Goods and Services) বলেও জানা যায় একটি কপি নির্বাচিত। এই চুক্তিটি
  শেষকৃত্যের ডিরেক্টর এবং যে ব্যক্তি শেষকৃত্যের ব্যবস্থা করেছেন তার দ্বারা অবশ্যই স্বাক্ষরিত
  হতে হবে।
- সমস্ত চার্জ তালিকাবদ্ধ করে, সমাধিস্থান বা শবদাহ স্থানের বিলের একটি কপির।
- লোটারি পাবলিক অথবা কমিশলার অফ ডিডস-এর উপস্থিতিতে শেষকৃত্যের ডিরেক্টর এবং লোটারাইজড় দ্বারা স্বাক্ষরিত আসল জিনিসের শেষকৃত্যের বিল। যদি চার্জসমূহ পরিশোধ করা হয়ে থাকে এবং আবেদনকারী বয়েপূরণের অনুরোধ করে তাহলে শেষকৃত্যের বিলের ওপর অবশ্যই "সম্পূর্ণভাবে পরিশোধিত" (Paid-in-Full) স্ট্যাম্প দিতে হবে।
- লোটারি পাবলিক অথবা কমিশনার অফ ডিডস-এর উপস্থিতিতে শেষকৃত্যের ডিরেক্টর এবং নোটারিকৃত ব্যক্তির দ্বারা স্বাক্ষরিত মূল নথি, যদি এখনও অন্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন করা প্রতিষ্ঠানকে পরিশোধ করা হয়নি।

## পেমেন্ট

কোনও ব্যক্তিকে ক্ষতিপূরণ দেওয়ার ক্ষেত্রে, পেমেন্ট পাওয়ার জন্য, HRA-এর থেকে পেমেন্ট প্রাপক ব্যক্তির নাম এবং ঠিকানা যাচাই করার জন্য আপনার একটি সনাক্তকরণ কর্ম প্রয়োজন। একজন সংস্থাগত বন্ধু, অন্ত্যেষ্টিক্রিয়ার প্রতিষ্ঠান অথবা শেষকৃত্য পরিষেবা প্রদানকারীকে পেমেন্ট দেওয়ার জন্য W-9 প্রয়োজন হবে। OBS W-9 তথ্য অনুরোধ করার সাথে আপনাকে সাহায্য করতে পারে।